কুমার বিশ্বজিতের মিউজিক ভিডিওতে মিনিয়েচার প্রযুক্তির ব্যবহার

কুমার বিশ্বজিৎ। বাংলাদেশের সংগীতাঙ্গনের পুরোধা ব্যক্তিত্ব। বাংলাদেশে প্রথম মিউজিক্যাল ফিল্মের যাত্রা শুরু হয়েছিল তার হাত ধরেই। সেই কুমার বিশ্বজিতের হাত ধরেই এবার সংগীতাঙ্গনে আরও একটি নতুন যাত্রা শুরু হলো। মিনিয়েচার প্রযুক্তি ব্যবহার করে প্রথমবারের মতো তার কোনো গানের মিউজিক ভিডিও নির্মিত হলো।

টানা চার দিনে গানটির মিউজিক ভিডিও নির্মাণের কাজ শেষ হয়েছে। তার এবারের গানের শিরোনাম ‘মেঘলা দিনে’। গানটি লিখেছেন তাজু কামাল এবং সুর-সংগীত করেছেন আহম্মেদ হুমায়ূন। গানটির মিউজিক ভিডিও নির্মাণ করেছেন চন্দন রায় চৌধুরী।

গান এবং এর মিউজিক ভিডিও প্রসঙ্গে কুমার বিশ্বজিৎ বলেন, ‘করোনার কারণে আমার অনেক কাজই আটকে ছিল। ঘর থেকে বের হব কি-হব না এ নিয়েই বেশ দুশ্চিন্তায় সময় যাচ্ছিল কেটে। আমার এই গানটির মিউজিক ভিডিওর জন্য একটি পাহাড়ি নির্জন রাস্তায় একটি কফি শপের প্রয়োজন দেখা দিয়েছিল। গানটির জন্য বাইরের লোকেশন খুব ডিমান্ড করছিল। কিন্তু মিনিয়েচার মাধ্যমে এভাবে মিউজিক ভিডিও নির্মাণ করার মধ্য দিয়ে মোটামুটি বেশ ভালোভাবেই কাজটি সম্পন্ন হলো। আশা করছি ভালো লাগবে।

ফারিয়ার নতুন গান ‘এ বাঁধন যাবে না ছিঁড়ে’

নতুন গানের খবর দিলেন ঢালিউডের আলোচিত অভিনেত্রী নুসরাত ফারিয়া। নতুন গানের শিরোনাম ‘এ বাঁধন যাবে না ছিঁড়ে’। স্নেহাশীষ ঘোষের কথায় গানটির সুর-সংগীতায়োজন করেছেন সংগীতশিল্পী ইমরান মাহমুদুল।

ফারিয়ার সঙ্গে গানটিতে কণ্ঠও দিয়েছেন তিনি।

জানা গেছে, ১০ ডিসেম্বর বসছে এবারের চ্যানেল আই মিউজিক অ্যাওয়ার্ড। সেই আয়োজনের জন্য নতুন এই গান নির্মাণ করা হয়েছে। এ প্রসঙ্গে নুসরাত ফারিয়া বলেন, ‘আমি গান করি, সে কারণে এ গানে কণ্ঠ দেওয়া। গানটাও খুব সুন্দর, আমি যে ধরনের গান করি, তা থেকে পুরোটাই আলাদা।’

২০১৮ সালের এপ্রিলে ‘পটাকা’ গানটি দিয়ে গায়িকা হিসেবে আত্মপ্রকাশ করেন অভিনেত্রী নুসরাত ফারিয়া। চলতি বছরের ১৪ অক্টোবর ‘আমি চাই থাকতে’ শিরোনামে তার দ্বিতীয় গান প্রকাশিত হয়।

বিয়ের পর নামও বদলালেন সানা খান

শোবিজ দুনিয়াকে বিদায় জানিয়ে সানা খানের একজন মুফতিকে বিয়ের খবরে তোলপাড় ভারতীয় মিডিয়া। কয়েকমাস আগেই অভিনয় থেকে ধর্মের টানে অবসর নেওয়ার ঘোষণার পর এবার বিয়েটাও সেরে ফেললেন তিনি। ২১ নভেম্বর সুরাটে এক মুসলিম ধর্মগুরুকে বিয়ে করেন তিনি। পাত্র ভারতের গুজরাটের সুরাটের বাসিন্দা মুফতি আনাস সায়েদ।

এবার নাম বদলেছেন সানা খান। সামাজিক যোগাযোগমাধ্যমে নিজের নামের আগে যোগ করেছেন স্বামীর নাম। ইনস্টাগ্রামে এখন তাঁর নাম দেখা যাচ্ছে সাইয়িদ সানা খান।

সামাজিক যোগাযোগমাধ্যমগুলোতে সানা খান ও তার স্বামীর বিয়ের ছবি ও ভিডিও ভাইরাল হয়েছে। গতকাল এই অভিনেত্রী ইনস্টাগ্রামে স্বামীর সঙ্গে প্রথম ছবি আপলোড দিয়ে ক্যাপশনে লেখেন, ‘আল্লাহর জন্য আমরা ভালোবেসেছি, আল্লাহর জন্য আমরা বিয়ে করেছি, আল্লাহ এই দুনিয়ায় আমাদের একসঙ্গে রাখুন এবং জান্নাতেও আমাদের পুনর্মিলন করুন।’

গত ৮ অক্টোবর সামাজিক যোগাযোগমাধ্যমে এক দীর্ঘ বার্তায় ৩৩ বছর

বয়সী সানা খান বলিউড ছাড়ার ঘোষণা দিয়েছিলেন এবং জানিয়েছিলেন ইসলামের পথে চলতে চান তিনি।

ক্যারিয়ারে হিন্দি, মালয়ালাম, তামিল, কন্নড় ও তেলেগু ভাষার সিনেমায় দেখা গেছে সানা খানকে। এ ছাড়া বিজ্ঞাপন ও রিয়েলিটি শোতে দেখা যায় তাঁকে। পাঁচ ভাষার ৫০টির বেশি সিনেমায় অভিনয় করেছেন সানা। ২০১২ সালে জনপ্রিয় ও বিতর্কিত টিভি রিয়েলিটি শো বিগ বসের প্রতিযোগী ছিলেন সানা এবং চূড়ান্ত পর্বে উঠেছিলেন।

২০০৫ সালে ‘ইয়ে হ্যায় হাই সোসাইটি’ সিনেমা দিয়ে বলিউডে অভিষেক হয় সানা খানের। এরপর তিনি বলিউডে ‘হাল্লা বোল’, ‘জয় হো’, ‘ওয়াজা তুম হো’ ও ‘টয়লেট: এক প্রেম কথা’র মতো সিনেমা করেন। সূত্র: টাইমস অব ইন্ডিয়া

প্রামাণ্যচিত্র বায়োগ্রাফি অব নজরুল

মুক্তি পেল জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে নিয়ে নির্মিত প্রামাণ্যচিত্র বায়োগ্রাফি অব নজরুল। যমুনা ফিউচার পার্কের ব্লকবাস্টার সিনেপ্লেক্সে শুক্রবার প্রদর্শিত হয় বায়োগ্রাফি অব নজরুলের প্রিমিয়ার শো। এর ভার্চুয়ালি উদ্বোধন করেন স্পিকার শিরিন শারমিন চৌধুরী।

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের বর্ণিল কর্মময় জীবনের নানা দিক নিয়ে নির্মিত হয়েছে ১ ঘণ্টা ৩৫ মিনিটের এই প্রামাণ্যচিত্র। নির্মাতা ফেরদৌস খান পরিচালিত এই ডকুফিল্মের নেপথ্য কণ্ঠদান করেছেন অভিনেতা আসাদুজ্জামান নূর এবং আবৃত্তিশিল্পী প্রজ্ঞা লাবনী।

নজরুল সেন্টারের ব্যানারে নির্মিত বায়োগ্রাফি অব নজরুলের আবহসংগীত পরিচালনা করেছেন শিল্পী পিন্টু ঘোষ। উদ্বোধনী আয়োজনে নির্মাতা ও কলাকুশলীরা জানান, প্রামাণ্যচিত্রটি বাংলাদেশের ৬৪টি জেলার শিল্পকলা একাডেমি মিলনায়তনসহ বিভিন্ন স্কুল কলেজে প্রদর্শন

বেবী নাজনীনের করোনা শনাক্ত

কণ্ঠশিল্পী বেবী নাজনীনের করোনাভাইরাস শনাক্ত হয়েছে। এর আগে বুধবার তিনি কিডনিজনিত অসুস্থতা নিয়ে যুক্তরাষ্ট্রের একটি হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন।

জানা যায়, গত বুধবার রাতে নিউজার্সীর জার্সি সিটি মেডিকেল সেন্টারে নেফ্রোলজি ডিপার্টমেন্টে ভর্তি হন বেবী নাজনীন। নিউইয়র্কের স্থানীয় সময় আজ সন্ধ্যা ৭টার দিকে তার করোনা আক্রান্ত হওয়ায় বিষয়টি নিশ্চিত হওয়া গেছে। বর্তমানে তিনি নিউজার্সির জার্সি সিটি মেডিকেল সেন্টারে চিকিৎসাধীন।

বিষয়টি নিশ্চিত করেছেন নিউইয়র্কের সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজক আলমগীর খান আলম। তিনি বলেন, ‘বেবী নাজনীনের সঙ্গে আমার কথা হয়েছে সন্ধ্যা সাতটার দিকে। সেই সময়ই তার কোভিড-১৯ পজিটিভ রিপোর্ট পাওয়া গেছে। বর্তমানে তিনি ভালো আছেন।

দীর্ঘদিন ধরেই তার কিডনি জটিলতা আছে। সেই কারণেই তিনি হাসপাতালে ভর্তি হন। পরবর্তীতে করোনা পরীক্ষা করলে ফল পজিটিভ আসে। তিনি সবার কাছে দোয়া চেয়েছেন।’

বেবী নাজনীন বর্তমানে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) জাতীয় নির্বাহী কমিটির সহ-আন্তর্জাতিক বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করছেন।

জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত সংগীতশিল্পী বেবী নাজনীন ১৯৭৬ সালে তাঁর মিউজিক ক্যারিয়ার শুরু করেন। তাঁর জনপ্রিয় গানের তালিকায় আছে ‘ঘুম ভাঙ্গায়া গেল রে মরার কোকিলে’, ‘দু’চোখে ঘুম আসে না’, ‘কাল সারা রাত ছিল স্বপনেরো রাত’, ‘এলোমেলো বাতাসে উড়িয়েছি শাড়ির আঁচলসহ শত শত গান।

ফের বড়পর্দায় ‘রাজ’রূপী শাহরুখ, ‘প্রেমে’র বেশে সালমান!

রাজ আর প্রেম। বলিউডের ইতিহাস যারা জানেন, তার এই দুই নামের মাহাত্ম্য ভালভাবেই বোঝেন। গোটা নয়ের দশকজুড়ে রয়েছে এই দুই নামের স্মৃতি। যাতে ভর করে শাহরুখ খান হয়েছেন বলিউডের বাদশা, আর সালমান খান হয়েছেন সুলতান। নয়ের দশকের সেই স্মৃতি ফিরে আসতে চলেছে বলিউডের আরেক খানের সৌজন্যে।

সূত্রের খবর, আমির খানের ‘লাল সিং চড্ডা’য় ফের একবার ‘দিলওয়ালে দুলহনিয়া লে জায়েঙ্গে’র রাজ হিসেবে শাহরুখ খানকে আর ‘ম্যায়নে পেয়ার কিয়া’র প্রেম হিসেবে দেখা যাবে সালমান খানকে।

টম হ্যাঙ্কস অভিনীত হলিউড ক্লাসিক ‘ফরেস্ট গাম্প’-এর অফিসিয়াল হিন্দি রিমেক ‘লাল সিং চড্ডা’ । শোনা গেছে, ছবির একটি দৃশ্যে শাহরুখ খানের ‘দিলওয়ালে দুলহনিয়া লে জায়েঙ্গে’ সিনেমার সেটে যাবে লাল সিং (আমির খানের চরিত্র)। সেখানেই রাজ বেশে শাহরুখের সঙ্গে তার দেখা হবে। ক্যামিও চরিত্রের জন্য শুটিংও নাকি সেরে ফেলেছেন কিং খান। এবার বন্ধু সালমানের সঙ্গে কথা বলছেন আমির। তাকেও একইভাবে প্রেমের সাজে দেখা যেতে পারে বলে সূত্রের খবর।

১৯৮৯ সালে ২৯ ডিসেম্বর মুক্তি পেয়েছিল ‘ম্যায়নে প্যায়ার কিয়া’। নয়ের দশকের শুরুতেই হিট তকমা পেয়েছিল এই সিনেমা। অন্যদিকে ‘দিলওয়ালে দুলহনিয়া লে জায়েঙ্গে’ মুক্তি পেয়েছিল ১৯৯৫ সালে। সেই সময় দুই খানেরই বয়স কম ছিল। পার্থক্য ছিল চেহারায়। শাহরুখ খানের চেহারায় স্পেশ্যাল এফেক্ট দেওয়া হবে বলে জানা গেছে। তবে সালমান খানের চেহারায় আমূল পরিবর্তন এসেছে। সেই চেহারা কীভাবে বর্তমান সময়ের পর্দায় ফুটিয়ে তোলা যাবে, তা চিন্তার বিষয়। অবশ্য প্রযুক্তির কল্যাণে এখন প্রায় সবই সম্ভব বলে মনে করছেন অনুরাগীরা।-সংবাদ প্রতিদিন

শ্রাবন্তীকে কুপ্রস্তাব, খুলনায় যুবক গ্রেফতার

ওপার বাংলার জনপ্রিয় অভিনেত্রী শ্রাবন্তী চ্যাটার্জীর ব্যবহৃত মোবাইল নম্বরে আপত্তিকর প্রস্তাব পাঠানোর অভিযোগে মাহাবুবুর রহমান (৩৩) নামের এক যুবককে গ্রেফতার করা হয়েছে খুলনার সোনাডাঙ্গায়। তাকে জিজ্ঞাসাবাদের জন্য পুলিশ ৫ দিনের রিমান্ড আবেদন করে।

বৃহস্পতিবার দুপুর◌ে রিমান্ড আবেদনের শুনানি শেষে খুলনার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মাহাবুবুর রহমানের একদিনের রিমান্ড মঞ্জুর করেন। মাহাবুবুর রহমান খুলনা মহানগরীর সোনাডাঙ্গা মডেল থানার ৬/১ বকশিপাড়া রোডের বাসিন্দা সামছুল আলম সাহেবের বাড়ির ভাড়াটিয়া আতিকুর রহমানের ছেলে।

জানা গেছে, শ্রাবন্তী এ বিষয়ে ভারতীয় হাইকমিশনের মাধ্যমে বাংলাদেশ সরকারের কাছে বিচার চেয়েছিলেন। সেই সূত্র ধরে স্বরাষ্ট্র মন্ত্রণালয় হয়ে পুলিশ হেড কোয়াটার্সের নির্দেশে খুলনা মেট্রোপলিটন পুলিশের সোনাডাঙ্গা মডেল থানায় মামলাটি গত ১৬ নভেম্বর দায়ের হয়।

প্রিয় কমলা অপু

দেশে মুক্তিযুদ্ধ চলছে। চারদিকে গোলাবারুদের ঝনঝনানি আর ঘরবাড়ি ও লাশের পোড়া গন্ধ। এই যুদ্ধের মাঝেই শুরু হয় আরেক নতুন যুদ্ধ। এই যুদ্ধ হলো কমলার জীবন যুদ্ধ। এক গ্রামে কমলা নামের মেয়েটি ভালোবাসে এক যুবককে। মুক্তিযুদ্ধে সবকিছু হয়ে যায় ওলট-পালট। কমলার জীবনে নেমে আসে দুঃসহ যন্ত্রণা।

যুদ্ধের ঘটনার ভয়াবহতায় ভালোবাসার মানুষকে হারাতে বাধ্য হয় কমলা। বিয়ে নামক বন্ধনে তার জীবনের সঙ্গে বাধা পড়ে এক বয়স্ক মানুষ। এ আরেক হতাশার জীবন যুদ্ধ কমলার। নানা ঘাত-প্রতিঘাতে এগিয়ে চলে গল্প। এই গল্প ‘প্রিয় কমলা’ ছবির। এতে কমলা চরিত্রে অভিনয় করবেন ঢাকাই চলচ্চিত্রের মিষ্টি মেয়ে জনপ্রিয় অভিনেত্রী অপু বিশ্বাস।

এ ছবির পরিচালক শাহরিয়ার নাজিম জয়। ছবির কাহিনি, সংলাপ আর চিত্রনাট্যও রচনা করেছেন জয়।

ইমপ্রেস টেলিফিল্মের ব্যানারে তৈরি হবে ছবিটি। পরিচালক জানালেন, ১৮ নভেম্বর থেকে গাজীপুরে শুটিং শুরু হবে। অপু বিশ্বাস বর্তমানে চট্টগ্রামের রাঙ্গুনিয়ায় বন্ধন বিশ্বাসের ‘ছায়াবৃক্ষ’ ছবির শুটিং করছেন।

অপু বলেন, ‘প্রিয় কমলার গল্পটা পড়েছি। কমলা চরিত্রটিকেই অবলম্বন করে গল্প গড়িয়েছে। আর আমি কমলার চরিত্রে অভিনয় করতে যাচ্ছি। আমার কাছে এই চরিত্রটি বেশ চ্যালেঞ্জিং। আর চ্যালেঞ্জ গ্রহণ করতে সব সময়ই আমি পছন্দ করি। সেদিক থেকে এবারও অন্য রকম এক অপু বিশ্বাসকে ছবিটিতে দেখতে পাবেন দর্শক।

দিল্লিতে বিলাসবহুল বাড়ি কিনলেন শাহরুখ খান

বলিউড বাদশাহ শাহরুখ খান দিল্লিতে বাড়ি কিনলেন। মুম্বইতে মন্নত, দুবাইতে জন্নতের পাশাপাশি আলিবাগে একটি বাংলো রয়েছে শাহরুখ খানের। বাড়ি রয়েছে লন্ডনেও। পরপর ৪টি বাসস্থানের পর এবার দিল্লিতে ফের বাড়ি কিনলেন শাহরুখ খান। কিং খানের সেই বাড়ি ঘুরে দেখালেন সুপারস্টার পত্নী গৌরী খান। নিজের সোশ্যাল হ্যান্ডেলে দিল্লির নতুন বাড়ির বেশ কয়েক ঝলক তুলে ধরেন গৌরী। শাহরুখপত্নীর হাতের ছোঁয়ায় তাদের দিল্লির বাড়ি যেন আরও বেশি সুন্দর হয়ে উঠেছে।

সম্প্রতি শাহরুখ খান আইপিএলের জন্য দুবাইতে হাজির হন। স্ত্রী, সন্তানদের নিয়ে জন্নতেই বেশ কিছুদিন কেটে যায় তার। ফলে শাহরুখের ৫৫-র জন্মদিনও এবার খান পরিবার দুবাইতেই সেলিব্রেট করে। শুধু তাই নয়, জন্মদিন উপলক্ষে এই প্রথম শাহরুখ খানের মুম্বাইয়ের মন্নতের সামনে ভিড় দেখা যায়নি। যে বিষয়ে ভক্তদের বার্তা দিতে ভোলেননি শাহরুখ। তিনি বলেন, এবার যেন বেশ কিছুটা দূর থেকেই তাকে ভালোবাসা জানানো হয়।

এদিকে, প্রতীক্ষার অবসান ঘটিয়ে যশরাজ ফিল্মসের ‘পাঠান’ ছবি দিয়েই পর্দায় ফিরতে চলেছেন শাহরুখ। বুধবার যশরাজ স্টুডিওর অফিসে কিং খানকে দেখা যাওয়ায় শুরু হয়েছে জল্পনা। এর আগে ভারতীয় সংবাদমাধ্যমে প্রকাশিত খবরে জানা যায়, নভেম্বরের ১৮ থেকেই সিদ্ধার্থ আনন্দের পরিচালনায় অ্যাকশন থ্রিলারের শুটিং শুরু করবেন শাহরুখ। যদিও ছবির নির্মাতা বা কিং খান, কেউই এবিষয়ে কিছু অফিসিয়ালি জানাননি। বুধবার মুম্বইয়ের আন্ধেরিতে যশরাজ স্টুটিওর অফিসে শাহরুখকে দেখা গেল নতুন লুকে। নজর কাড়ল লম্বা চুল। মাথায় একধারে বাঁধা ছোট্ট বেনী। ইতিমধ্যেই সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে শাহরুখের এই ছবি। প্রশ্ন উঠছে, তবে কি এটাই কিং খানের নতুন লুক?

২০১৮-র ২১ ডিসেম্বর মুক্তি পয়েছিল শাহরুখ খানের ‘জিরো’। ছবিটি বক্স অফিসে চূড়ন্ত ব্যর্থ। তারপর সিনেমার দুনিয়া থেকে লম্বা বিরতি নেন কিং খান। টানা ২ বছর তাকে আর কোনও ছবিতে দেখা যায়নি। তাই ‘বাদশা’ পর্দায় ফেরার অপেক্ষায় রয়েছেন তার অনুরাগীরা। এর আগে সর্বভারতীয় সংবাদমাধ্যমে প্রকাশিত খবরে জানা গিয়েছিল, যশরাজ ফিল্মসের ছবিতে শাহরুখের বিপরীতে দেখা যাবে দীপিকা পাড়ুকোন ও জন আব্রাহামকে। এদিকে আবার, রাজকুমার হিরানির পরবর্তী ছবিতেও শাহরুখকে দেখা যাবে বলে গুঞ্জন শোনা যাচ্ছিল।

আমার জীবন কি তুমি ধ্বংস করবে?

জল্পনা বাড়ালেন শ্রাবন্তীর স্বামী

তৃতীয় বিয়ে ভাঙতে চলেছে টলিপাড়ার প্রথমসারির অভিনেত্রী শ্রাবন্তী চ্যাটার্জীর। টলিপাড়ার অন্দরে কান পাতলেই তেমনটাই শোনা যাচ্ছে। একের পর এক ঝড় বয়ে চলেছে শ্রাবন্তী জীবনে। তবে সত্যি কি মিথ্যা তা এখনও জানা যায়নি। তবে আলাদা থাকার কথা তারা দু’জনেই স্বীকার করে নিয়েছেন। তার উপর আবার ইনস্টা- পোস্ট থেকে ছবি ডিলিট হওয়ার পর থেকেই জল্পনা ক্রমশ বাড়ছে। তৃতীয় বিয়ে ভাঙার গুঞ্জনের মধ্যেই সবার চোখ এখন শ্রাবন্তীর উপরে।

সম্পর্কের তিক্ততা যে বেড়েছে তা যত দিন যাচ্ছে প্রকাশ পাচ্ছে। ইনস্টাগ্রামে দু’জনেরই কমেন্ট বক্সে রয়েছে নিষেধাজ্ঞা। নেটিজেনদের প্রশ্নের কারণেই এই সিদ্ধান্ত নিয়েছেন অভিনেত্রী। সম্প্রতি গুঞ্জনের মধ্যেই নিজের ইনস্টাগ্রামে রহস্যজনক পোস্ট করলেন রোশন সিং। একটি ছবির মধ্যেই তিনি নিজের অভিব্যক্তিকে তুলে ধরেছেন। যা নিয়ে জল্পনা শুরু হয়েছে।

রোশানের পোস্টটিতে দেখা যাচ্ছে, ছেলেটি সমুদ্রের ধারে হাঁটু মুড়ে বসে একটি রিং নিয়ে মেয়েটিকে প্রোপোজ করছে। যেখানে ছেলেটি মেয়েটিক বলছে, ‘তুমি কি আমার ধ্বংস করবে’, তার উত্তরে মেয়েটি বলেছে, ‘অবশ্যই ‘। এই পোস্টটি দেখার পর থেকেই জোর জল্পনা শুরু হয়েছে সোশ্যাল মিডিয়ায়।

নেটিজেনরা অনেকেই বলছেন, তবে কি নাম না নিয়ে শ্রাবন্তীকে খোঁচা দিলেন রোশান। আবার কেউ বলেছেন, ‘আজ পর্যন্ত তোমার সেরা পোস্ট’। টলিপাড়ার সমস্ত তারকারা মন্তব্য না করলেও অঙ্কুশ কমেন্টে জানিয়েছেন, ‘ফাটিয়ে’। অনেকেই বলেছেন সব ঠিক হয়ে যাবে। শ্রাবন্তীর সঙ্গে বিচ্ছেদের মধ্যেই পাহাড়ে ঘুরে বেড়াচ্ছেন রোশান।